

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৬০৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬০১]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৬৯: যুগের মানুষ খারাপ হলে অথবা ধর্মীয় ব্যাপারে ফিতনার আশঙ্কা হলে অথবা হারাম ও সন্দিহান জিনিসে পতিত হওয়ার ভয় হলে অথবা অনুরূপ কোন কারণে নির্জনতা অবলম্বন করা উত্তম

بَابُ اِسْتِحْبَابِ الْعُزْلَةِ عِنْدَ فَسَادِ النَّاسِ وَالزَّمَانِ أَوِ الْخَوْفِ مِنْ فِتْنَةٍ فِي الدِّيْنِ أَوْ وُقُوْعٍ فِيْ حَرَامٍ وَّشُبُهَاتٍ وَّنَحْوِهَا _ (69)

আরবী

وَعَنهُ، عَن رَسُولِ الله صلى الله عليه وسلم، أنَّه قَالَ: «مِنْ خَيْرِ مَعَاشِ النَّاسِ لَهُم رَجُلٌ مُمْسِكٌ عِنَانَ فَرَسِهِ فِي سَبيلِ الله، يَطيرُ عَلَى مَتْنِهِ كُلَّمَا سَمِعَ هَيْعَةً أَوْ فَزعَةً، طَارَ عَلَيْهِ يَبْتَغِي الْقَتْلَ، أَوْ الْمَوْتَ مَظَانَّه، أَوْ رَجُلٌ فِي غُنَيمَةٍ في رَأْسِ شَعَفَةٍ مِنْ هذهِ اللَّوْديَةِ، يُقِيمُ الصَّلاَةَ، وَيُؤتِي الزَّكَاةَ، وَيَعْبُدُ رَبَّهُ حَتَّى يأتِيَهُ السَّعَف، أَوْ بَطنِ وَادٍ مِنْ هذهِ الأَوْديَةِ، يُقِيمُ الصَّلاَةَ، وَيُؤتِي الزَّكَاةَ، وَيَعْبُدُ رَبَّهُ حَتَّى يأتِيَهُ اليَقِينُ، لَيْسَ مِنَ النَّاسِ إِلاَّ فِي خَيْرٍ». رواه مسلم

বাংলা

ে/৬০৬। উক্ত রাবী রাদিয়াল্লাহু 'আনহু [আবূ হুরায়রাহ] থেকে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "লোকদের মধ্যে সর্বোত্তম জীবন সেই ব্যক্তির, যে আল্লাহর পথে তার ঘোড়ার লাগাম ধরে আছে। যখনই সে যুদ্ধের ভয়ানক শব্দ শোনে, তখনই সেখানে তার পিঠে চড়ে দ্রুতগতিতে পৌঁছে যায়। দ্রুতগতিতে পৌঁছে সে হত্যা অথবা মৃত্যুর সম্ভাব্য জায়গাগুলো খোঁজ করে। অথবা সর্বোত্তম জীবন সেই ব্যক্তির, যে কতিপয় ছাগল-ভেড়া নিয়ে কোন পাহাড়-চূড়ায় কিংবা কোন উপত্যকার মাঝে বসবাস করে। সেখানে সে তার নিকট মৃত্যু আসা পর্যন্ত নামায় কায়েম করে, যাকাত প্রদান করে এবং নিজ প্রতিপালকের ইবাদত করে। লোকদের মধ্যে এ ব্যক্তি উত্তম অবস্থায় রয়েছে।" (মুসলিম) [1]

English

(69) Chapter: Desirability of Seclusion at times of corruption committed by the people of the World

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "The best of people is a man who is holding his



horse's rein in the way of Allah (in Jihad) and is galloping towards the place wherever he hears a call for war or detects a note of danger; he goes on proceeding, seeking martyrdom or death wherever it is expected. And a man who retires with some sheep in a mountainside or a valley. He performs Salat regularly and pays the Zakat, continues worshipping his Rubb, till death overtakes him. He does not interfere in the affairs of the people except for betterment."

[Muslim].

Commentary: Herein two types of men have been counted as the best of all. First, such man who remains engaged in the preparation for Jihad, being ever-ready for it. Second is the man who flees townships and takes shelters in a mountain or jungle, living on a few sheep; the motive behind his shift is the preservation and practice of his Faith and religion.

ফুটনোট

[1] মুসলিম ১৮৮৯, ইবনু মাজাহ ৩৯৭৭, আহমাদ ৮৮৯৭, ৯৪৩০, ১০৪০০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন